



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন
(সাধারণ শাখা)

ডিওএস সার্কুলার লেটার নং-২৪

তারিখ : ১৭-০৯-১৪১৬ বঙ্গাব্দ
৩১-১২-২০০৯ খ্রিঃ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঘড়ির কাঁটা ১ ঘন্টা পিছিয়ে পূর্বের সময়ে ফিরে যাওয়া প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, সমন্বয়-২ শাখা এর ২৭/১২/২০০৯ তারিখের পত্র নং-২৭.০৫২.০০৬.০২.০০.০০৩.২০০৮(৮৭৩) সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে হুবহু পুনঃ মুদ্রণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(দেবপ্রসাদ দেবনাথ)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৫০৪৩৭

অতি জরুরী
ফ্যাক্স মারফত

(কপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা

নং-২৭.০৫২.০০৬.০২.০০.০০৩.২০০৮(৮৭৩)

তারিখ : ২৭/১২/২০০৯ খ্রিঃ।

বিষয় : ঘড়ির কাঁটা ১ ঘন্টা পিছিয়ে পূর্বের সময়ে ফিরে যাওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার ঘড়ির কাঁটা ১ ঘন্টা পিছিয়ে পূর্বের সময়ে ফিরে যাওয়া প্রসঙ্গে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে :

ক) আগামী ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখে দিবাগত রাত ১১.৫৯ মিনিটে ঘড়ির কাঁটা ১ঘন্টা পিছিয়ে ১০.৫৯ মিনিট (জিএমটি+৬ ঘন্টা) করা হবে

এবং

খ) আগামী ২০১০ সাল হতে প্রতি বছর ৩১ মার্চ তারিখ রাত ১০.৫৯ মিনিটে ঘড়ির কাঁটা ১ ঘন্টা এগিয়ে নিয়ে রাত ১১.৫৯ মিনিট (জিএমটি+৭) করা হবে যা ৩১ শে অক্টোবর পর্যন্ত বহাল থাকবে।
৩১ শে অক্টোবর দিবাগত রাত ১১.৫৯ মিনিটে ঘড়ির কাঁটা ১ ঘন্টা পিছিয়ে ১০.৫৯ মিনিট (জিএমটি+৬) করা হবে, যা পরবর্তী মার্চ ৩১ পর্যন্ত বলবৎ থাকবে।

০২। বর্ণিতাবস্থায়, সরকারের উপরোক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে অবহিত করণ এবং বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত, ২৭/১২/২০০৯
(ফারজানা মমতাজ)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৬৪৮৬

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। ----

৪৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।